



THE LINDE GROUP

Linde

লিন্ডে বাংলাদেশ লিমিটেড বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, লিন্ডে বাংলাদেশ লিমিটেড-এর ৩৯তম বার্ষিক সাধারণ সভা আগামী ১০ই মে ২০১২, রোজ বৃহস্পতিবার, সকাল ১০টা ৩০ মিনিটে অফিসার্স ক্লাব, ২৬ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০-এ অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপঃ

- ১। ৩১শে ডিসেম্বর ২০১১ সমাপ্ত বছরের হিসাব, অডিটরদের এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
- ২। ৩১শে ডিসেম্বর ২০১১ সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।
- ৩। পরিচালক নির্বাচন।
- ৪। অডিটরদের নিয়োগদান ও পারিশ্রমিক নির্ধারণ।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

এম নাজমুল হোসেন
কোম্পানী সচিব
০৮ই মার্চ ২০১২

রেজিস্ট্রিকৃত কার্যালয়
কর্পোরেট অফিস
২৮৫ তেজগাঁও শি/এ
ঢাকা-১২০৮

টীকাঃ

- ১। যে সকল শেয়ারহোল্ডারগণের নাম রেকর্ড ডেট ২০ মার্চ ২০১২ পর্যন্ত কোম্পানীর সদস্য বহি কিংবা ডিপজিটরী বহিতে বৈধভাবে থাকবে তাদের হস্তান্তরিত শেয়ারসমূহের জন্য উক্ত শেয়ার গ্রহীতা সাধারণ সভায় যোগদানের এবং লভ্যাংশ লাভের যোগ্য বলে বিবেচিত হবেন।
- ২। বার্ষিক সাধারণ সভায় যোগদানের যোগ্য সদস্য তার পক্ষে সভায় যোগদান ও ভোট প্রদানের জন্য একজন প্রক্সি নিয়োগ করতে পারেন। নিজ অধিকারে সভায় যোগদান ও ভোট প্রদানে সক্ষম না হলে কোন ব্যক্তি প্রক্সি হিসেবে কাজ করতে পারবেন না।
- ৩। যথাযথভাবে পূরণকৃত প্রক্সি ফর্ম অবশ্যই ০৭ই মে ২০১২, সোমবার সকাল ১০টা ৩০ মিনিটের মধ্যে কোম্পানীর রেজিস্ট্রিকৃত কার্যালয়ে জমা দিতে হবে, অন্যথায় তা বৈধ বলে বিবেচিত হবে না।